# লালমাটিয়া সরকারি মহিলা কলেজ

(কলেজ পারফরমেন্স র‍্যাংকিং-এ জাতীয় পর্যায়ে সেরা মহিলা কলেজ ও মডেল কলেজ)
আবাসিক/অনাবাসিক

ফোন : ০২-৪৮১২০৭৯২, ০২-৪৮১১৮৫৪৩ মোবাইল : ০১৫৫৯-০৮২১৫০
কলেজ কোড : ৬৪৪৭, ওয়েবসাইট : www.lalmatiamohilacollege.edu.bd

**২০২২-২০২৩ শিক্ষাবর্ষে প্রথম বর্ষ স্নাতক (পাস) ভর্তি কার্যক্রমে অনলাইন প্রাথমিক আবেদন এর সময় বৃদ্ধি সম্পর্কিত বিজ্ঞপ্তি**

লালমাটিয়া সরকারি মহিলা কলেজের স্নাতক (পাস)- এ শাখা সমূহঃ ১। বিএ ২। বিএসএস ৩। বিবিএস।

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) শ্রেণির ভর্তির কার্যক্রমে অনলাইনে প্রাথমিক আবেদন ২৬/০৯/২০২৩ খ্রি. তারিখ পর্যন্ত চলবে। এ শিক্ষাবর্ষে ভর্তিকৃত শিক্ষার্থীদের ক্লাশ ২৫ অক্টোবর ২০২৩ তারিখ থেকে শুরু হবে।

ভর্তির যোগ্যতা: বাংলাদেশে স্বীকৃত যে কোন শিক্ষা বোর্ড/উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের যে কোন শাখা থেকে ২০১৮/২০১৯/২০২০ সালের এসএসসি/সমমান পরীক্ষায় ৪র্থ বিষয়সহ নুন্যতম জিপিএ ২.০ এবং ২০২০/২০২১/২০২২ সালের এইচএসসি/সমমান পরীক্ষায় ৪র্থ বিষয়সহ নুন্যতম জিপিএ ২.০ পেয়ে উত্তীর্ণ শিক্ষার্থীরা ১ম বর্ষ স্নাতক (পাস) শ্রেণিতে ভর্তির জন্য আবেদন করতে পারবে। এছাড়াও বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড ও O-Level পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরাও জাতীয় বিশ্ববিদ্যালয়ের শর্তপূরণ সাপেক্ষে আবেদন করতে পারবে।

আবেদন প্রক্রিয়া: আবেদনকারীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট (www.nu.ac.bd/admissions) এর Degree Pass Tab এ গিয়ে Apply Now (Degree Passs) অপশনে ক্লিক করে ওয়েবসাইটে প্রদর্শিত তথ্য ছকে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষার রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর, শিক্ষাবোর্ড, পাসের সন ও একটি নিবন্ধিত মোবাইল নম্বর (নিজের অথবা অভিভাবকের) সঠিকভাবে এন্ট্রি দিতে হবে। উল্লেখ্য যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে ভবিষ্যতে শিক্ষার্থীকে শিক্ষা সহায়ক সকল তথ্য প্রদানের ক্ষেত্রে এই মোবাইল নম্বরটি ব্যবহার করতে হবে। ডাটাবেজে সংরক্ষিত তথ্য অনুযায়ী আবেদনকারীর তথ্য ছকে Male এর স্থলে Female অথবা Female স্থলে Male প্রদর্শিত হলে Click to Change অপশনে গিয়ে সঠিক Gender এন্ট্রি দিতে হবে। আবেদনকারী তার ভর্তি যোগ্য (Eligible) কোর্সের তালিকা দেখতে পাবে। আবেদনকারী তার পছন্দ অনুযায়ী ঢাকা বিভাগ ও ঢাকা জেলাস্থ লালমাটিয়া সরকারি মহিলা কলেজ সিলেক্ট করলে ভর্তিযোগ্য কোর্সসমূহের নাম ও আসন সংখ্যা দেখতে পাবে। এই তালিকা থেকে প্রার্থীকে সতর্কতার সাথে তার প্রার্থিত কোর্সের পছন্দক্রম নির্ধারণ করতে হবে। অতঃপর আবেদনকারীকে সম্প্রতি তোলা পাসপোর্ট আকারের রঙিন ছবি স্ক্যান করে আপলোড করতে হবে। প্রার্থীর ছবি ব্যতীত অন্য কোন ছবি প্রাথমিক আবেদন ফরমে আপলোড করা হলে ঐ প্রার্থীর ভর্তি বাতিল বলে গণ্য হবে। সঠিক তথ্য ও ছবিসহ ছক পূরণ করে Submit Application অপশনে ক্লিক করতে হবে। এ পর্যায়ে আবেদনকারীর রোল নম্বর ও পিন কোড প্রদর্শিত হবে এবং আবেদনকারীকে ফরমটি ডাউনলোড করে প্রিন্ট/পিডিএফ কপি সংগ্রহ করতে হবে। জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০২০-২০২১ অথবা ২০২১-২০২২ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান), স্নাতক (সম্মান) প্রফেশনাল ও স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট কোর্সে ভর্তি হওয়ার পর রেজিস্ট্রেশন কার্ড ইস্যু হয়ে থাকলে সে সকল শিক্ষার্থী ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে স্নাতক (পাস) কোর্সে ভর্তি হতে পারবে না। তবে এ সকল শিক্ষার্থী নির্ধারিত সময়ের মধ্যে পূর্ববর্তী শিক্ষাবর্ষের ভর্তি জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক বাতিলপূর্বক ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) কোর্সে ভর্তি হতে পারবে। বিস্তারিত জানতে ভিজিট করুন জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.nu.ac.bd/admissions) ও কলেজের ওয়েব সাইট (www.lalmatiamohilacollege.edu.bd).

আগামী ২৭/০৯/২০২৩ খ্রি. তারিখের মধ্যে কলেজে উপস্থিত হয়ে প্রাথমিক আবেদন ফরম ও ফি বাবদ ২৫০/- টাকা ০৬ নং কাউন্টারে জমা দিয়ে জমা রশিদ সংগ্রহ করতে হবে। আবেদন ফরমের সাথে এসএসসি ও এইচএসসি পরীক্ষা পাসের নম্বরপত্র ও রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি জমা দিতে হবে।

যে সকল শিক্ষার্থী ২৫০/- টাকা জমা দিবে তাদের প্রাথমিক আবেদন ফরম অনলাইনে নিশ্চয়ন করা হবে। কলেজ কর্তৃক আবেদন ফরম নিশ্চয়ন হলে শিক্ষার্থীদের মোবাইল নম্বরে SMS যাবে। এছাড়াও www.nu.ac.bd/admissions এ Applicant Login গিয়ে রোল নম্বর ও পিন নম্বর সঠিকভাবে এন্ট্রি দিয়ে কলেজ কর্তৃক আবেদন ফরম নিশ্চয়ন করা হয়েছে কি না তা জানা যাবে।

অধ্যক্ষ
লালমাটিয়া সরকারি মহিলা কলেজ
লালমাটিয়া, ঢাকা-১২০৭।

LMC/D/P/Paper Cutting

# জাতীয় বিশ্ববিদ্যালয়

স্মারক নং-১০(২২৫)জাতী:বি:/রেজি:/একা:/২০১৮/অংশ-২/২৮১৫ তারিখ: ৩০/০৮/২০২৩

## ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) ভর্তি কার্যক্রমে অনলাইন প্রাথমিক আবেদন ও কলেজ কর্তৃক প্রাথমিক আবেদন ফরম নিশ্চয়নের সময় বৃদ্ধি সম্পর্কিত জরুরি বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) ভর্তি কার্যক্রমে অনলাইন প্রাথমিক আবেদনের সময় ২৬ সেপ্টেম্বর ২০২৩ তারিখ পর্যন্ত বৃদ্ধি করা হলো। জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট (www.nu.ac.bd/admissions) থেকে আগ্রহী প্রার্থীদের অনলাইনে প্রাথমিক আবেদন ফরম পূরণ করতে হবে এবং প্রাথমিক আবেদন ফি বাবদ ২৫০/- (দুইশত পঞ্চাশ) টাকা সংশ্লিষ্ট কলেজ কর্তৃক নির্ধারিত মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে অথবা সরাসরি ২৭ সেপ্টেম্বর ২০২৩ তারিখের মধ্যে অবশ্যই জমা দিতে হবে।

উল্লেখ্য যে, স্মারক নং-১০(২২৫)জাতী:বি:/রেজি:/একা:/২০১৮/অংশ-২/২৮০১, তারিখ: ৩১/০৭/২০২৩ এ প্রকাশিত ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) শ্রেণির ভর্তি বিজ্ঞপ্তিতে বর্ণিত সকল শর্ত ও নিয়মাবলী অপরিবর্তিত থাকবে। এ শিক্ষা কার্যক্রমে ভর্তিকৃত শিক্ষার্থীদের ক্লাস ২৫ অক্টোবর ২০২৩ তারিখ থেকে শুরু হবে।

এ সংক্রান্ত বিস্তারিত তথ্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটের (www.nu.ac.bd/admissions) Prospectus/Important Notice অপশন থেকে জানা যাবে।

২০২২-২০২৩ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) ভর্তি কার্যক্রমে অনলাইন আবেদন নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী সম্পন্ন করতে হবে

| ক্রমিক | বিবরণ | তারিখ |
|---|---|---|
| ১) | অনলাইনে প্রাথমিক আবেদন ফরম পূরণ ও এর প্রিন্ট কপি সংগ্রহ করার সর্বশেষ তারিখ: | ২৬/০৯/২০২৩ (রাত ১২টা পর্যন্ত) |
| ২) | আবেদনকারীকে প্রাথমিক আবেদন ফরম ও আবেদন ফি বাবদ ২৫০/- (দুইশত পঞ্চাশ) টাকা সংশ্লিষ্ট কলেজে (কলেজ কর্তৃক নির্ধারিত মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে অথবা সরাসরি) জমা দেয়ার সর্বশেষ তারিখ: | ২৭/০৯/২০২৩ |
| ৩) | কলেজ কর্তৃক প্রাথমিক আবেদন ফরম অনলাইনে নিশ্চয়ন করার সর্বশেষ তারিখ: | ০১/১০/২০২৩ |
| ৪) | কলেজ কর্তৃক নিশ্চয়নকৃত আবেদনকারীদের প্রাথমিক আবেদন ফি'র জাতীয় বিশ্ববিদ্যালয়ের অংশ [আবেদনকারী প্রতি ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা হারে] সংশ্লিষ্ট খাতে (ভর্তি ফান্ড) যে কোন সোনালী ব্যাংক শাখায় জমা দেয়ার তারিখ:<br>এ লক্ষ্যে সংশ্লিষ্ট কলেজকে Login এর মাধ্যমে Application Payment Info (Degree Pass) অপশন থেকে Pay Slip ডাউনলোড করতে হবে এবং এর প্রিন্ট কপি নিয়ে নিকটস্থ যে কোন সোনালী ব্যাংক শাখায় নির্ধারিত ফি জমা দিয়ে রশিদ সংগ্রহ করতে হবে। | ০২/১০/২০২৩ থেকে ০৫/১০/২০২৩ |

৩০.০৮.২০২৩

(প্রফেসর ড. মোঃ নাসির উদ্দিন)
ডিন (ভারপ্রাপ্ত), স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল
ও
সদস্য সচিব, স্নাতক (পাস) ভর্তি পরিচালনা মূল কমিটি
জাতীয় বিশ্ববিদ্যালয়
ফোন: ০২-৯৯৬৬৯১৫৬৮
ইমেইল: *degpassnu@gmail.com*

স্মারক নং-১০(২২৫)জাতী:বি:/রেজি:/একা:/২০১৮/অংশ-২/২৮১৫ তারিখ: ৩০/০৮/২০২৩

অনুলিপি ঃ

১। সকল বিভাগীয় প্রধান, জাতীয় বিশ্ববিদ্যালয়
২। সচিব, ভাইস চ্যান্সেলর এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৩। সচিব, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
৫। সহকারী রেজিস্ট্রার, প্রো-ভাইস চ্যান্সেলর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৬। অফিস কপি।

৩০.০৮.২০২৩

(মোহাম্মদ হোসেন)
উপ-রেজিস্ট্রার (স্নাতক)
স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪